গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.plancomm.gov.bd

**এডিপি অগ্রাধিকার**
**অতি জরুরী**
**বিশেষ বাহক মারফত**

নং- ২০.০০.০০০০.০০০.৬১২.১৪.২৭১.২৬- ৭৪

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩২ ব. / ০৪ মার্চ, ২০২৬ খ্রি.

**বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নীতিমালা।**

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সরকারের একটি গুরুত্বপূর্ণ এক বৎসর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা, যা জাতীয় বাজেট বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করে থাকে। **বৈষম্যহীন আর্থ-সামাজিক উন্নয়ন ও টেকসই রাষ্ট্রীয় সক্ষমতা অর্জনের লক্ষ্যে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য হ্রাস, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি ও বৃদ্ধি, সৃষ্টিশীল শিল্প স্থাপন, টেকসই বর্জ্য ব্যবস্থাপনা, পর্যটন, সুনীল অর্থনীতি** এবং জনগনের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য অর্থনৈতিক খাতভিত্তিক লক্ষ্য অর্জনের ক্ষেত্রে এটি অন্যতম গুরুত্বপূর্ণ দলিল। বিদ্যমান সম্পদের সুষম বন্টনের মাধ্যমে এডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে চাহিদা ও বরাদ্দের সমন্বয়ের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৬-২৭ অর্থবছরের এডিপি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের এডিপি প্রণয়নকালে সেক্টরওয়ারী বরাদ্দ বিভাজন, অনুমোদিত প্রকল্প, অননুমোদিত নতুন প্রকল্প, সংস্থার নিজস্ব অর্থায়নপুষ্ট প্রকল্প, সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) বাস্তবায়িতব্য প্রকল্প, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নের প্রকল্প, সম্ভাব্য সমাপ্য প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তিকরণসহ প্রকল্পের বরাদ্দ প্রস্তাব প্রেরণ ও এডিপি অনুমোদনের ক্ষেত্রে এ নীতিমালায় বর্ণিত প্রক্রিয়া/নির্দেশাবলি অনুসরণ করতে হবে।

## ২. এডিপি প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়া:

২.১ চলমান ও নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে ২০২৬-২৭ অর্থবছরের এডিপির জন্য ইতোপূর্বে প্রেরিত প্রকল্পভিত্তিক বরাদ্দ চাহিদা হালনাগাদ করে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রকল্প পরিচালক/ফোকাল পার্সন নিজ নিজ বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ চাহিদা AMS-এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। তবে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতের চাহিদা সংশ্লিষ্ট কার্যালয় হতে সরাসরি AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে;

২.২ স্থিতিশীল সামষ্টিক অর্থনৈতিক অবস্থার ধারাবাহিকতা বিবেচনায় নিয়ে অর্থ বিভাগ এডিপি'র আকার নির্ধারণ করে কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক প্রকল্প ঋণ/অনুদানের পরিমাণ নির্ধারিত হলে তাসহ জিওবি অংশের পরিমাণ নির্ধারণপূর্বক অর্থ বিভাগ মন্ত্রণালয় ভিত্তিক বরাদ্দ কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে;

২.৩ এডিপি'র মোট আকার প্রাপ্তির পর কার্যক্রম বিভাগ প্রকল্পসমূহের চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও সক্ষমতা, সম্ভাব্য সমাপ্য প্রকল্প সংখ্যা, সেক্টর ভিত্তিক অগ্রাধিকার ইত্যাদি বিবেচনায় নিয়ে অর্থনৈতিক সেক্টর ভিত্তিক এবং মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ এবং মন্ত্রণালয়/বিভাগসমূহকে অবহিত করবে। এছাড়া, উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে;

২.৪ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরসমূহের আওতায় মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ চূড়ান্ত করবে। অত:পর পুনর্নির্ধারিত চাহিদা প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগ **নির্ধারিত তারিখের মধ্যে** AMS এ অন্তর্ভুক্তি/হালনাগাদপূর্বক পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ AMS এর মাধ্যমে তা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। উক্ত প্রস্তাব নির্ধারিত সময়ে AMS এর মাধ্যমে এবং একই সাথে **হার্ডকপি** (মন্ত্রণালয়/বিভাগ ও সেক্টর বিভাগের কর্মকর্তার যৌথ স্বাক্ষরে) কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ প্রস্তাব সংশোধনের প্রয়োজন হলে এবং তা পরীক্ষানিরীক্ষাপূর্বক যৌক্তিক মর্মে বিবেচিত হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারবে;

২.৫ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ের উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। কার্যক্রম বিভাগ প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই-বাছাই করবে এবং আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির মাধ্যমে তালিকা প্রণয়ন করবে;

২.৬ কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পভিত্তিক পুনঃনির্ধারিত বরাদ্দ, উন্নয়ন সহায়তা বাবদ প্রস্তাবিত বরাদ্দ ও অননুমোদিত প্রকল্প তালিকাসহ অন্যান্য তথ্যাদি সংকলন করে খসড়া এডিপি প্রণয়ন করা হবে। প্রস্তুতকৃত খসড়া এডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভার সুপারিশক্রমে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের পর এডিপি চূড়ান্ত করা হবে;

২.৭ **এনইসি-তে চূড়ান্তকৃত এডিপি এর সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে AMS থেকে iBas++ এ প্রেরণ করা হবে।**

৩. **চলমান প্রকল্পে (নতুন অনুমোদিত প্রকল্পসহ) চাহিদা প্রস্তাব প্রেরণে অনুসরণীয় নির্দেশনাবলি:**

৩.১ এডিপি প্রণয়ন নীতিমালায় (অনুচ্ছেদ-১১) বর্ণিত সময়সীমা অনুসরণপূর্বক AMS এর মাধ্যমে প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে বাস্তবায়নকারী সংস্থায়, বাস্তবায়নকারী সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে। উল্লেখ্য, **নীতিমালা জারির পর AMS এ চাহিদা আপলোডের কার্যক্রম শুরু হবে। নীতিমালায় বর্ণিত সময় অতিক্রান্ত হলে চাহিদা প্রেরণের সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে AMS এর মাধ্যমে চাহিদা প্রেরণ নিশ্চিত করতে হবে;**

৩.২ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প এবং ADP/RADP Management System (AMS)-এ অন্তর্ভুক্ত রয়েছে এমন প্রকল্প বরাদ্দসহ এডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে। তবে নতুন অনুমোদিত প্রকল্প অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারিসহ অর্থ বিভাগের প্রকল্প কোড প্রাপ্তির পর AMS সফটওয়্যারে অন্তর্ভুক্তি করে বরাদ্দ প্রস্তাব করতে হবে;

৩.৩ বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্প, **দারিদ্র্য হ্রাস, কর্মসংস্থান বৃদ্ধি, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, মানব সম্পদ উন্নয়ন, সামাজিক সুরক্ষা, ক্রীড়া পেশার উন্নয়ন, মানসম্মত চিকিৎসা, মা ও শিশুর পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা, ডিজিটাল অর্থনীতি, খাল খনন ও নদী পুনরুদ্ধার, স্থানীয় ও বৈদেশিক কর্মসংস্থানের** সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে এডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব করতে হবে। এছাড়াও সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (Green and Climate Resilient Development) এর লক্ষ্যমাত্রা অর্জনে সরাসরি প্রভাব ফেলবে এমন প্রকল্পসমূহকে বরাদ্দ প্রদানে বিশেষ অগ্রাধিকার দিতে হবে;

৩.৪ প্রকল্পের মোট রাজস্ব ব্যয় ও মোট মূলধন ব্যয় লক্ষ টাকার পরিবর্তে হাজার টাকায় প্রস্তাব করা যাবে;

৩.৫ গত ২৫/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত এনইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি'তে 'সমাপ্তির জন্য নির্ধারিত' তালিকাভুক্ত কোন প্রকল্প ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৩.৬ বর্তমানে প্রকল্পের ক্ষেত্রে সিডি/ ভ্যাট এর অর্থনৈতিক কোড বিলুপ্ত হয়েছে। সিডি/ ভ্যাট বাবদ অর্থ সংশ্লিষ্ট পণ্য/সেবার কোডে অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া, ইতোমধ্যে প্রকল্পের ক্ষেত্রে যেসকল অর্থনৈতিক কোড বিলুপ্ত/ পরিবর্তিত হয়েছে সেগুলোর বিকল্প কোডে চাহিদা প্রদান করতে হবে (যেমনঃ 'বৈদেশিক প্রশিক্ষণ' ও 'অভ্যন্তরীন প্রশিক্ষণ' এর পরিবর্তে 'প্রশিক্ষণ')। উল্লেখ্য, AMS এ ইতোমধ্যে কোড পরিবর্তন করা হয়েছে;

৩.৭ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও কাঙ্খিত সুফল প্রাপ্তির লক্ষ্যে চলমান প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৩.৮ বৈদেশিক অর্থায়নপুষ্ট (চুক্তি স্বাক্ষরিত/সহায়তা প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পে চলতি অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক সহায়তা ব্যবহারের নিমিত্ত পরিপূরক জিওবি (Matching Fund) বরাদ্দের প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

৩.৯ অনুমোদিত ডিপিপিতে প্রাইস কন্টিনজেন্সি (Price Contingency) ও ফিজিক্যাল কন্টিনজেন্সি (Physical Contingency) খাতে সংস্থানকৃত অর্থ ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ডিপিপি'র সংস্থান পরিবর্তন ব্যতিত এ খাতের অর্থ প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না;

৩.১০ চলমান উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় জিওবি বাবদ বরাদ্দ নিশ্চিতকরণের পরই কেবল অপরিহার্য নতুন অনুমোদিত প্রকল্পের জন্য জিওবি বাবদ বরাদ্দ প্রস্তাব করতে হবে। এছাড়া, ২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর অর্থায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের "থোক বরাদ্দ" বাবদ মোট বরাদ্দের ন্যূনতম ৫% অর্থের সংস্থান রাখতে হবে;

৩.১১ জিওবি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে সংস্থার নিজস্ব অর্থায়নকৃত অর্থের বরাদ্দ সঠিকভাবে প্রতিফলন করতে হবে;

৩.১২ সংস্থার সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন যে সকল প্রকল্প এখনও এডিপি/আরএডিপি'তে অন্তর্ভুক্ত নেই, সে সকল প্রকল্প আবশ্যিকভাবে এডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৩.১৩ এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে এডিপিতে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

৩.১৪ ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্তিযোগ্য প্রকল্প **আবশ্যিকভাবে চিহ্নিত** করে এ সকল প্রকল্পে প্রয়োজনীয় অর্থের চাহিদা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতিসম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্পের চাহিদা হ্রাস করে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয়/বিভাগ ও সেক্টরের সুপারিশসহ সমাপ্তিযোগ্য প্রকল্পের তালিকার হার্ডকপি যৌথ স্বাক্ষরসহ অনুচ্ছেদ-১২ এ বর্ণিত সময়ের মধ্যে **কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে;**

৩.১৫ প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'তে বরাদ্দের পাশাপাশি ২০২৭-২৮ এবং ২০২৮-২৯ অর্থবছরের বরাদ্দের প্রক্ষেপণ AMS এ অন্তর্ভুক্ত করতে হবে;

৩.১৬ প্রকল্পের বাস্তবায়ন ও বছরভিত্তিক ব্যয় প্রবণতা বিশ্লেষণ করে ব্যয় প্রাক্কলন ও ব্যয় প্রক্ষেপণ অনুমান করে যে সকল সেক্টরের Multi-Year Public Investment Programme (MYPIP) প্রণীত হয়েছে সে সকল প্রকল্পের চাহিদা ও প্রক্ষেপণ তৈরিতে MYPIP ব্যবহার করতে হবে। উল্লেখ্য (১) শিল্প ও অর্থনৈতিক সেবা (২) কৃষি (৩) বিদ্যুৎ ও জ্বালানি (৪) পরিবহণ ও যোগাযোগ (৫) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন (৬) পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানি সম্পদ (৭) গৃহায়ণ ও কমিউনিটি সুবিধাবলী এবং (৮) স্বাস্থ্য সেক্টর;

৩.১৭ আগামী ৩০ জুন, ২০২৬ তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে এমন প্রকল্পের মধ্যে যে সকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে, সে সকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পূর্বক ২০২৬-২৭ অর্থ বছরের এডিপি প্রণয়নের সময়সীমার মধ্যে AMS এ হালনাগাদ করে এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে। উল্লেখ্য, মেয়াদ উত্তীর্ণ কোন প্রকল্প ২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

৩.১৮ প্রকল্পের জিওবি অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে আবশ্যিকভাবে বৈদেশিক মুদ্রার ঘরে প্রস্তাব করতে হবে। বৈদেশিক অর্থায়নের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে;

৩.১৯ বৈদেশিক অর্থায়নপুষ্ট নতুন অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প ঋণ/অনুদান বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড বরাদ্দের প্রস্তাব করতে হবে।

৪. এডিপিতে অন্তর্ভুক্তির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতের পূর্ববর্তী বছরগুলোর বরাদ্দ ও অগ্রগতি বিবেচনায় নিয়ে AMS এর নির্ধারিত ছকে বাস্তবভিত্তিক চাহিদা প্রস্তাব করতে হবে।

৫. **বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে (এডিপি) অননুমোদিত নতুন প্রকল্প (সবুজ পাতা) অন্তর্ভুক্তি:**

এডিপিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে, বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে, জিওবি ও নিজস্ব অর্থায়নে, এবং সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে যথাযথ যৌক্তিকতাসহ আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে;

৫.১ ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি'তে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ **স্বয়ংক্রিয়ভাবে এডিপি'তে অন্তর্ভুক্ত হবে না।** সুতরাং **আবশ্যিকভাবে পুনরায় প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে** এবং এডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা সীমিত রাখার দিকে লক্ষ্য রাখতে হবে;

৫.২ অননুমোদিত নতুন প্রকল্পসমূহের অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সভা আয়োজন করে Allocation of Business অনুযায়ী যৌক্তিকভাবে প্রকল্প সংখ্যা নির্ধারণ করে নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে;

৫.৩ **নতুন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে আর্থ-সামাজিক উন্নয়ন ও টেকসই রাষ্ট্রীয় সক্ষমতা অর্জন, অর্থনীতির পুনর্গঠন ও পুনরুদ্ধার, অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন এবং ধর্ম, সমাজ, ক্রীড়া, সংস্কৃতি ও সংহতি বিষয়ক কার্যক্রমকে অগ্রাধিকার দিতে হবে;**

৫.৪ **দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা পুনরুদ্ধার/ দৃঢ়ীকরণ ও আর্থ-সামাজিক উন্নয়নের গতি বেগবান করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমকে নতুন প্রকল্পের ক্ষেত্রে উৎসাহিত করতে হবে;**

৫.৫ **কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক গণতন্ত্রায়ণ, সরকারি বিনিয়োগের উপর রিটার্ন বৃদ্ধি, বিনিয়োগের যথাযথ মূল্য নিশ্চিতকরণ এবং সৃষ্টিশীল শিল্পকে সহায়তা প্রদান সম্পর্কিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;**

৫.৬ **জিডিপি ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, সুশাসন প্রতিষ্ঠা, প্রাতিষ্ঠানিক সংস্কার, দারিদ্র্য হ্রাস ও সামাজিক সুরক্ষা, অসমতা হ্রাস, কৃষি ও খাদ্য নিরাপত্তা, সুনীল অর্থনীতি, মানবসম্পদ উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং চতুর্থ শিল্প বিপ্লব সংক্রান্ত উন্নয়নকে বিবেচনায় নিয়ে নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে;**

৫.৭ সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে;

৫.৮ জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প এডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৫.৯ গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত Green Climate Resilient Development (GCRD) গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের লক্ষ্যে National Adaptation Plan (NAP) Nationally Determined Contribution (NDC) এর আলোকে গৃহীত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিতে হবে। এছাড়া বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ দীর্ঘমেয়াদি পরিকল্পনায় চিহ্নিত প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত করতে হবে এবং Delta Appraisal Framwork (DAF) অনুসরণ করে এ সকল প্রকল্প বাস্তবায়নকে গুরুত্ব দিতে হবে;

৫.১০ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক ও জাতীয় তহবিল হতে অর্থায়ন (Green Climate Fund, Adaptation Fund, BCCTF ইত্যাদি) প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। এডিপিতে এ ধরণের প্রকল্প প্রস্তাব করা হলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের সাথে দ্বৈততা অবশ্যই পরিহার করতে হবে;

৫.১১ বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত/ বৈদেশিক ঋণ/ অনুদান প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত হয়েছে এমন সব প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে;

৫.১২ যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে সে সকল প্রকল্প অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে। সেক্ষেত্রে সমীক্ষা প্রতিবেদনের সার-সংক্ষেপ ও সুপারিশ প্রকল্প প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে যুক্ত করতে হবে। একইসাথে পঞ্চাশ কোটি টাকার উর্দ্ধে যে সকল প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়নি তা অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে বিরত থাকতে হবে;

৫.১৩ বিনিয়োগ ও কারিগরি প্রকল্পের ন্যায় ব্যয় নির্বিশেষে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প অনুমোদনার্থে প্রক্রিয়াকরণ করতে হলে প্রকল্পটি এডিপিতে নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত থাকতে হবে। ভবিষ্যতে গৃহীত হবে এমন কোন বিনিয়োগ প্রকল্প বা প্রকল্পসমূহ গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই এর জন্য প্রস্তাবিত সমীক্ষা প্রকল্পকে এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

৫.১৪ সীমিত সম্পদের সুষ্ঠু ও বাস্তবভিত্তিক ব্যবহার নিশ্চিতকরণে আবশ্যিকভাবে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প গ্রহণ করতে হবে। মধ্যমেয়াদি বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণ ও চলমান প্রকল্পের দায় বিবেচনায় প্রকল্পটিতে কিভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে **মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS এর 'মন্তব্য'** বক্সে লিপিবদ্ধ করতে হবে;

৫.১৫ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে যাচাই সভার সুপারিশপ্রাপ্ত না হলে অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণ/সুপারিশ করা যাবে না;

৫.১৬ বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প এডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৫.১৭ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক অননুমোদিত নতুন প্রকল্প (Link Project) গ্রহণে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৫.১৮ একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে প্রস্তাব না করে একত্রে একটি প্রকল্পের আওতায় প্রস্তাব করতে হবে;

৫.১৯ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠা সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনা পূর্বক প্রকল্প প্রস্তাব করতে হবে;

৫.২০ যে সকল প্রকল্প প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা-১৯৯৭ (সংশোধনীসহ) এবং প্রতিবেশগত সঙ্কটাপূর্ণ এলাকা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৫.২১ দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে পরিবেশ ও প্রতিবেশের (Ecology) বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

৫.২২ যে সকল প্রকল্পের ডিপিপি/টিএপিপি/পিএফএস অনুমোদন প্রক্রিয়াকরণে অগ্রসর পর্যায়ে (অনুমোদনের জন্য উপস্থাপিত, পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত) এ সকল প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে প্রস্তাব করা যেতে পারে। **উল্লেখ্য ডিপিপি/ টিএপিপি প্রণীত হয়নি এমন কোন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;**

৫.২৩ সকল নতুন অননুমোদিত প্রকল্প প্রস্তাব সংস্থা পর্যায়ে Project Processing Appraisal & Management System (PPS) এর মাধ্যমে আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করতে হবে এবং PPS এর মাধ্যমে ডিপিপি/টিএপিপি প্রেরণ ও অনুমোদন প্রক্রিয়াকরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;

৫.২৪ কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর উক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়নি এরূপ প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না। একই সাথে যেসব প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়নি সেসব প্রকল্প পুনরায় অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে; এবং

৫.২৫ পরিচালন বাজেট হতে সম্পাদনযোগ্য (Operational ধর্মী) কাজের জন্য কোন প্রকল্প প্রস্তাব প্রেরণ করা যাবে না।

৬. **এডিপিতে প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান:**

২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ২.৪ ও ৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রেখে এবং নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণ ও প্রতিপালন করে সকল উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ/ বাস্তবায়নকরী সংস্থা প্রকল্পভিত্তিক (চলতি প্রকল্প ও নতুন অনুমোদিত প্রকল্প) বরাদ্দ প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে করবে;

৬.১ নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণে অগ্রিম পরিকল্পনা নেয়া এবং ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ AMS-এ চিহ্নিত করে সমাপ্য প্রকল্প তালিকায় সন্নিবেশিত করতে হবে। এছাড়া, সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের প্রয়োজনীয় অর্থের শতভাগ নিশ্চিত করতে হবে। অতঃপর বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পের পরিপূরক জিওবি বরাদ্দ নিশ্চিত করার পর অবশিষ্ট অর্থ অন্যান্য প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬.২ AMS এ প্রতিটি প্রকল্পের মৌলিক তথ্যাদি যেমন প্রকল্পের শিরোনাম, প্রাক্কলিত ব্যয়, অর্থায়নের ধরণ ও পরিমাণ, অনুমোদন অবস্থা, মেয়াদ, প্রকল্পের অবস্থান, অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনসহ অন্যান্য তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষিত রয়েছে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের সংশোধন অনুমোদন বা মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বা মেয়াদ হালনাগাদের প্রয়োজন হলে, প্রাথমিকভাবে অনুমোদিত আরডিপিপি বা মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রশাসনিক আদেশ অনুসারে AMS-এ সংশোধিত তথ্যাদি অন্তর্ভুক্তিপূর্বক হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সর্বশেষ অনুমোদিত/সংশোধিত অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না;

৬.৩ চলতি প্রকল্পসমূহের সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত (জুন ২০২৫ পর্যন্ত) অগ্রগতি/ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য যৌক্তিক ব্যয় বিবেচনায় ২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে বরাদ্দের প্রস্তাব করতে হবে;

৭. **সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন কর্তৃক সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প:**

সকল সরকারি সংস্থা/ স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দ প্রস্তাব সংক্রান্ত তথ্য AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

৮. **২০২৬-২৭ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প:**

যেসব প্রকল্প ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্ত করা সম্ভব হবে সেসব প্রকল্প ২০২৬-২৭ অর্থবছরের এডিপিতে সম্ভাব্য সমাপ্য প্রকল্পের তালিকায় AMS এ সঠিকভবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে এবং এ সকল প্রকল্পের অনুকূলে অনুমোদিত ডিপিপি/টিএপিপি অনুযায়ী প্রকল্পটি সমাপ্তির জন্য প্রয়োজনীয় অর্থের শতভাগ বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং **হার্ডকপি (মন্ত্রণালয় ও সেক্টরের যৌথ স্বাক্ষরে) কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে।**

৯. **সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) প্রকল্প সংক্রান্ত তথ্য:**

৯.১ সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২৬-২৭ অর্থবছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা এডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক' অনুসারে প্রচলিত নিয়মে Public Private Partnership Authority (PPPA) কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপিসহ);

৯.২ সরকারি বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে প্রকল্প গ্রহণ/বাস্তবায়নে গুরুত্ব প্রদান করতঃ যেসব প্রকল্পের ব্যয় সম্পূর্ণ বা আংশিকভাবে সেবা গ্রহণকারীর নিকট হতে ফেরত পাওয়া সম্ভব সে সকল প্রকল্প পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের প্রচেষ্টা নিতে হবে।

১০. **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় প্রকল্প সংক্রান্ত তথ্য:**

'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের' আওতায় গৃহীত প্রকল্পসমূহ সরকারি বিনিয়োগের অংশ হিসেবে এডিপি'তে প্রতিফলনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'খ' অনুসারে **পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়** কর্তৃক কার্যক্রম বিভাগে **(sdbmddb@gmail.com)** প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফটকপিসহ) ।

১১. **২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের সময়সূচিঃ**

| (ক) চলমান ও নতুন অনুমোদিত (বিনিয়োগ, সমীক্ষা, কারিগরি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন) প্রকল্পের অনুকূলে চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে: | | |
|---|---|---|
| ক্র.নং: | বিবরণ | AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ |
| ১. | প্রকল্প পরিচালকের দপ্তর প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে অর্থনৈতিক কোড-সাব কোড ভিত্তিক চাহিদা AMS এ এন্ট্রি করে স্ব স্ব বাস্তবায়নকারী সংস্থা বরাবরে প্রেরণ করবে। | ১২/০৩/২৬ |
| ২. | প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ প্রাপ্ত কোড-সাব কোড ভিত্তিক প্রকল্পের চাহিদা যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এ এন্ট্রি করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ৩০/০৩/২৬ |
| ৩. | সকল মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পের কোড-সাব কোড ভিত্তিক চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS সিস্টেমে এন্ট্রি করে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ৬/০৪/২৬ |
| ৪. | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পের কোড-সাব কোড ভিত্তিক চাহিদা নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পভিত্তিক চাহিদা নির্ধারণপূর্বক AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগ প্রেরণ করবে। | ১২/০৪/২৬ |

| (খ) অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের ক্ষেত্রেঃ | | |
|---|---|---|
| ক্র.নং: | বিবরণ | AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
| ১. | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, বৈদেশিক অর্থায়নপুষ্ট এবং নিজস্ব অর্থায়ন) আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ৩০/০৩/২৬ |
| ২. | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, বৈদেশিক অর্থায়নপুষ্ট এবং সংস্থার নিজস্ব অর্থায়ন) উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ৬/০৪/২৬ |
| ৩. | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, বৈদেশিক অর্থায়নপুষ্ট এবং নিজস্ব অর্থায়ন) এডিপি প্রণয়নের নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগ প্রেরণ করবে। | ১২/০৪/২৬ |

১২. উপরোক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-১০) প্রতিপালন করে এবং অনুচ্ছেদ-১১ (ক-খ) এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র জন্য চাহিত সকল তথ্যাদি কার্যক্রম বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত AMS সংক্রান্ত পত্রের নির্দেশনা অনুসরণ করে আবশ্যিকভাবে AMS (ADP/RADP Management System) (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৪.৬.২০২

(এস এম শাকিল আখতার)
সদস্য (সচিব)
কার্যক্রম বিভাগ

**সিনিয়র সচিব/সচিব**

---------------------------------------------------- **মন্ত্রণালয়/বিভাগ।**

-----------------------------------------------------------

নং- ২০.০০.০০০০.০০০.৬১২.১৪.২৭১.২৬- ৭৪

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩২ ব.
৪ মার্চ, ২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
২। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, 'কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (২য় সংশোধিত)' (এসডিবিএম) শীর্ষক প্রকল্প, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।

8/06/26

(মাহমুদা সুলতানা)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ২২২২১৬৫১৬

নং- ২০.০০.০০০০.০০০.৬১২.১৪.২৭১.২৬- ৭৪

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩২ ব.
৪ মার্চ, ২০২৫ খ্রি.

অনুলিপি: ২০২৬-২৭ অর্থবছরের এডিপি প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট যথাসময়ে AMS এর মাধ্যমে প্রেরণের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

মেয়র/ভাইস চ্যান্সেলর/পুলিশ মহাপরিদর্শক/প্রশাসক/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/

মহাব্যবস্থাপক/পরিচালক

-----------------------------------------------------------------

-----------------------------------------------------------------।

8/06/26

(মাহমুদা সুলতানা)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ২২২২১৬৫১৬

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ------------------------------------------------------, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) আপলোড করার অনুরোধসহ]।

ছক-ক

## ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ
বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক-খ

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তথ্য:

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ | বাস্তবায়নকারী সংস্থা | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রাক্কলিত ব্যয় | প্রকল্প এলাকা | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল কর্ম পরিকল্পনার কোন থিমেটিক এরিয়ার সাথে সম্পৃক্ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |